

ঢাবি 'ঘ' ইউনিটের ৮৭ শতাংশই ফেল

সংবাদ : প্রতিনিধি, ঢাবি | ঢাকা, বুধবার, ৩০ অক্টোবর ২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে পাস করেছেন ১১ হাজার ১৫৮ শিক্ষার্থী। পাসের হার ১৩ দশমিক ২৬ শতাংশ। অনুত্তীণ হয়েছেন প্রায় ৮৭ শতাংশ শিক্ষার্থী। 'ঘ' ইউনিটে এবার ১ হাজার ৫৬০ শিক্ষার্থী ভর্তি হতে পারবেন। তাদের মধ্যে বিজ্ঞানে ১ হাজার ৯৭, ব্যবসায় শিক্ষায় ৪১০ ও মানবিকে ৫৩ শিক্ষার্থী ভর্তি হতে পারবেন।

বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে গতকাল বেলা সাড়ে ১২টার দিকে উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান ওই ফল প্রকাশ করেন। এ সময় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও 'ঘ' ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. সাদেকা হালিম, অনলাইন ভর্তি কমিটির আহ্নায়ক অধ্যাপক সুব্রত কুমার আদিত্য উপস্থিতি ছিলেন।

সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে ফল প্রকাশের ঘোষণা দেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ভর্তি পরীক্ষার ফল জানা যাবে। এছাড়া মোবাইল থেকে মেসেজ দিয়েও ফুল জ্ঞান যাবে। উপাচার্য জানান, এ বছর 'ঘ'

ইউনিটের ভাত পরীক্ষায় আবেদন করে ৯৭ হাজার ৫০৬ পরীক্ষার্থী। পরীক্ষায় অংশ নেয় ৮৪ হাজার ১৭৭জন ভর্তিচ্ছু। তাদের মধ্যে সমন্বিতভাবে ১১ হাজার ১৫৮ উত্তীর্ণ হয়েছে (বিজ্ঞানে ৮ হাজার ৪৮৫, ব্যবসায় শিক্ষা ২ হাজার ১০৪ ও মানবিকে ৫৬৯ জন)।

এবার 'ঘ' ইউনিটে বিজ্ঞান বিভাগের সেরা ছাত্র আহাদ আল আজাদ মুনেম। মোট ২০০ নম্বরের মধ্যে তার প্রাপ্ত নম্বর ১৭৯ দশমিক ২০। তিনি সেন্ট জোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র। ব্যবসায় শিক্ষা বিভাগের সেরা হয়েছেন রোজা শাওয়াল রিজওয়ান। ২০০ নম্বরের মধ্যে তার প্রাপ্ত নম্বর ১৭২ দশমিক ৫০। তিনি রাজধানীর হলিক্রস কলেজের ছাত্রী। মানবিক বিভাগের সেরা ছাত্র আবদুল্লাহ ২০০ নম্বরের মধ্যে পেয়েছেন ১৮০ দশমিক ৬৫। তিনি তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসার ছাত্র।

পাসকৃত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ৩১ অক্টোবর থেকে আগামী ১৪ নভেম্বর পর্যন্ত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে গিয়ে বিস্তারিত ফরম ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে পারবেন। উত্তীর্ণ ছাত্রছাত্রীদের কোটার ফরম আগামী ৩ থেকে ১২ নভেম্বরের মধ্যে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে পারবেন। ফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ৩০ অক্টোবর থেকে আগামী ৬ নভেম্বর পর্যন্ত সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।